দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 JUL 1997 ...
পৃঃ ৯ কলাম ৪

10

# ভুয়া মাদ্রাসার জন্য গম নিতে গিয়া গ্রেফতার

নেত্রকোনা সংবাদদাতা ॥ ভুয়া মাদ্রাসার নামে ৪ টন গম বরাদ্দের খবর জানিতে আসিয়া বারহাট্টার জনৈক গিয়াসউদ্দীন জেলা প্রশাসক আলী আকবর হোসেন আকন্দের হাতে ধরা পড়িয়াছে। পুলিশ সূত্রে জানা যায়, মোহনপুর হাফেজিয়া মাদ্রাসা সংস্কারের নামে ৪ টন গম বরাদ্দের আবেদন জানাইয়া জনৈক রহিম নেওয়াজ বারহাট্টা টিএনও বরাবরে দরখাস্ত দেয়। টিএনও দরখাস্তটি যাচাই না করিয়াই জেলা প্রশাসকের নিকট পাঠাইয়া দেন। জেলা প্রশাসক বারহাট্টা থানার এসিকে (ভূমি) উল্লেখিত মাদ্রাসা সম্পর্কে তদন্তের নির্দেশ দেন। তদন্তে দেখা যায়, ঐ নামে কোন মাদ্রাসার অস্তিত্ব নাই। গত ২৪শে জুন গিয়াস উদ্দিন জেলা প্রশাসকের খাস কামরায় ঢুকিয়া মাদ্রাসার গমের কথা জানিতে চাহিলে তাহাকে আটক ও পুলিশের নিকট সোপর্দ করা হয়।